তারিখ 22 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# পলিটেকনিক শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয় প্রয়োজন

বাংলাদেশে ৪৯ টি সরকারি পলিটেকনিকসহ অসংখ্য বেসরকারি পলিটেকনিক রয়েছে। কিন্তু একটি মাত্র বিশ্ববিদ্যালয়। প্রতি বছর হাজার হাজার ছাত্রছাত্রী পাস করে উচ্চশিক্ষার স্বপ্ন দেখে তাদের এ স্বপ্ন পূরণ হয় না। কারণ এত ছাত্রছাত্রী ডুয়েটে ভর্তি হতে পারে না। ফলে দেশে দক্ষ জনশক্তি তৈরি হয় না। জাতীয় শিক্ষানীতি ২০১০-এ কারিগরি শিক্ষার্থীদের জন্য আলাদা বিশ্ববিদ্যালয় তৈরির কথা ছিল। তাই আমরা অতি তাড়াতাড়ি বিশ্ববিদ্যালয় চাই। আমাদের এইচএসসি সমমান দেওয়া হয়। কিন্তু আমরা চার বছরে তাদের চেয়ে অনেক বেশি পড়ি এবং আমরা চাকরির ক্ষেত্রে সবচেয়ে বেশি ভূমিকা রাখি। তাই কারিগরি শিক্ষার উন্নয়নে কয়েকটি বিশ্ববিদ্যালয় তৈরির জন্য সরকারের কাছে বিনীত আবেদন জানাচ্ছি।

**মো. বদিউল আলম নোমান,**
৫ম পর্ব, কম্পিউটার টেকনোলজি,
চাঁদপুর পলিটেকনিক ইন্সটিটিউট,
কচুয়া, চাঁদপুর